চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

চসিকের অমর একুশে বই মেলার সমাপনী অনুষ্ঠান

আগামীর অর্থনীতি হবে জ্ঞাণ নির্ভর : নওফেল

চট্টগ্রাম-২৮ ফেব্রুয়ারি-২০১৯ ইংরেজী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল বলেছেন আগামীর জ্ঞাণনির্ভর অর্থনীতিতে সম্পৃক্ত হতে হলে রাজনীতির জ্ঞানভাণ্ডারকে সমৃদ্ধ করতে হবে। এজন্য আমাদের মনোজগতের উন্নয়ন প্রয়োজন আর এই কাজ করতে পারে একমাত্র বই। তিনি আজ বৃহস্পতিবার বিকেলে নগরীর আউটার স্টেডিয়ামস্থ জিমনেসিয়াম প্রাঙ্গণে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত অমর একুশে বই মেলার পুরষ্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। এতে বক্তব্য রাখেন অমর একুশে বইমেলা কমিটির আহবায়ক কাউন্সিলর নাজমুল হক ডিউক, কর্পোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা সুমন বড়ুয়া, শিক্ষাবিদ হাসিনা জাকারিয়া বেলা ইসলাম, মেলা কমিটির যুগ্ম আহবায়ক মহিউদ্দিন শাহ আলম নিপু। এসময় মঞ্চে কাউন্সিলর সাইয়েদ গোলাম হায়দার মিন্টু, জাহাঙ্গীর আলম, তারেক সোলেমান সেলিম, এরশাদ উল্লাহ, মনোয়ারা বেগম মনি, শাহানুর বেগম উপস্থিত ছিলেন । প্রধান অতিথির বক্তব্যে ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী আরো বলেন বাংলাদেশ ইদানিংকালে কম্পিউটার স্মার্টফোনসহ বিভিন্ন ইলেক্ট্রনিক ডিভাইসের ব্যবহার বেড়েছে। এগুলো হলো ভোগ্যপন্য বা ভোবাদী প্রযুক্তি। বিশ্বের উন্নত দেশের সাথে তাল মিলানোর কথা বলে আমাদের মত উন্নয়নশীল দেশে এর অপব্যবহার হচ্ছে বেশি। যার কুফলও অনেক । তিনি বলেন ভার্চুয়্যাল জ্ঞাণ সামাজিক যোগাযোগ মাধ্যম বা ফেইসবুক, যা-ই বলেন তা দিয়ে বাস্তবতাকে মোকাবেলা করা যাবে না। বাস্তবতাকে মোকাবেলা করতে হলে মানুষের কাছে যেতে হবে। এজন্য বই সংগ্রহ ও পড়ার কোন বিকল্প নাই। উপমন্ত্রী বলেন মাননীয় প্রধানমন্ত্রী এখনও শতব্যস্ততার মাঝেও সময় বের করে নিয়ে বই পড়েন। তিনি বঙ্গবন্ধুকে স্মৃতিকথা সহ যেসকল বই প্রকাশিত হতে যাচ্ছে তার অনেক খুটিনাটি বিষয় নিজেই এডিট করে দেন। তিনি বলেন আমাদের দেশ সমস্যা সংকুল দেশ। আর এথেকে উত্তোরনের জন্য রাজনৈতিক নেতৃত্বে নীতি নির্ধারনী চিন্তাভাবনা প্রয়োজন। এজন্য রাজনৈতিক নেতৃত্বের বই পড়ার অভ্যাস থাকা জরুরী। কেননা তারাই আগামীর ইতিহাস রচনা করবেন। তাই পদ-পদবীর দিকে ছুটে লাভ নেই। কারণ আগামীর বিশ্ব হবে জ্ঞাণ নির্ভর ব্যবসা বাণিজ্য। মন্ত্রী চসিকের এই সফল আয়োজনের প্রশংসা করে আগামীতেও যাতে এই বই মেলার ধারাবাহিকতা রক্ষা করা যায় সেব্যাপারে মেয়রকে বিশেষভাবে খেয়াল রাখার অনুরোধ করেন।

সভাপতির বক্তব্যে সিটি মেয়র আগামীতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর এই বই মেলাকে আরো বৃহত্তর পরিসরে আয়োজনের আখাঙ্ক্ষা ব্যক্ত করেন। এজন্য তিনি চট্টগ্রামের লেখক প্রকাশকদের নতুন নতুন লেখক সৃস্টি, ভাল ও মানসম্পন্ন বই প্রকাশের জন্য বিশেষ ভাবে উদ্যোগ নিতে বলেন। পরে মন্ত্রী ব্যারিস্টার নওফেল ও মেয়র আ জ ম নাছির উদ্দীন শ্রেষ্ঠ প্রকাশক ও বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী শিশু কিশোরদের মাঝে পুরষ্কার বিতরণ করেন। এবারের বই মেলায় শিশু সাহিত্যে শৈলী, কবিতায় খড়ি মাটি,কথা সাহিত্যে বাতিঘর,প্রবন্ধে (যৌথভাবে) বলাকা ও আবির প্রকাশন শ্রেষ্ঠ প্রকাশনার পুরষ্কার পেয়েছেন।

প্রেস বিজ্ঞপ্তি

পূর্ব বাকলিয়া ওয়ার্ডে সন্ত্রাস, জঙ্গীবাদ, মাদক ও দুনীতি বিরোধী সমাবেশ মেয়র

মাদকের অর্থ জোগাড় করতে গিয়েই

কিশোর-তরুণরা অপরাধে জড়িয়ে পড়ছে।

চট্টগ্রাম-২৮ ফেব্রুয়ারি-২০১৯ ইংরেজী।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ.জ.ম.নাছির উদ্দীন বলেছেন,মাদক কেনার অর্থ জোগাড় করতে গিয়েই কিশোর-তরুণরা ব্যাপকভাবে নানা অপরাধের সঙ্গে জড়িয়ে পড়ছে। এই সুযোগে মাদক ব্যবসায়ী,সংঘবদ্ধ অপরাধীচক্র খুন,অপহরণ ও চাঁদাবাজি সহ নানা কাজে তাদেরকে ব্যবহার করছে। মাদকের এই নেশার জালে একবার কেউ জড়িয়ে পড়লে সহজে সেই জাল থেকে বেরিয়ে আসতে পারে না। এই ব্যাপারে আমাদের সকলকে সচেতন হতে হবে বলে উল্লেখ করে মেয়র বলেন নগরবাসীকে উদ্বুদ্ধকরণে নগরীতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সন্ত্রাস,জঙ্গিবাদ,মাদক ও দুনীতি বিরোধী সমাবেশ করে আসছে। নগরীর ৪১টি ওয়ার্ডের মধ্যে আজকের এ সমাবেশসহ ২৮টি সন্ত্রাস,জঙ্গিবাদ,মাদক ও দুনীতি বিরোধী সভা অনুষ্টিত হয়েছে। অবশিষ্ট ১৩টি ওয়ার্ডের সভা আগামী ৩ মাসের মধ্যে সম্পন্ন করা হবে। মেয়র আজ বৃহস্পতিবার সকালে নগরীর পূর্ব বাকলিয়া ওয়ার্ডস্থ খাজা রোড় বলিরহাটে চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত মাদক, সন্ত্রাস, জঙ্গীবাদ ও দুর্নীতি বিরোধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। স্থানীয় কাউন্সিলর হাজী মো. হারুনুর উর রশীদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় চসিক আইন শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও কাউন্সিলর এইচ এম সোহেল, নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আকতার, যুগ্ম জেলা জজ জাহানারা ফেরদৌস, মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের সহকারী পরিচালক মো. এমদাদুল ইসলাম, বিশেষ অতিথির বক্তব্য রাখেন। স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গের মধ্যে করিম সওদাগর, হাজী এয়াকুব সওদাগর, এস এম বদরুদ্দোজা চৌধুরী, মোহাম্মদ শাহজান, অধ্যক্ষ সাইফু উদ্দিন, নুরুছফা, এরশাদ, মনছুর, মহিউদ্দীন, আবু তৈয়ব বাবু, মো. সেকান্দর, কপিল উদ্দিন প্রমুখ বক্তব্য রাখেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন বলির হাট ফার্নিচার সমিতির সাধারন সম্পাদক মো. মনছুর আলম। প্রসঙ্গক্রমে মেয়র বলেন ইসলাম শান্তির ধর্ম। ইসলামে সন্ত্রাস ও জঙ্গিবাদের কোনো স্থান নেই। আর যারা ইসলামের নাম ভাঙ্গিয়ে সন্ত্রাসী কর্মকান্ড পরিচালিত করে,তারা প্রিয় নবী (সাঃ) এর শিক্ষা ও আদর্শ থেকে অনেক দূরে। তাদের মূল উদ্দেশ্য হচ্ছে সমাজ ও রাষ্ট্রকে অস্থিতিশীল ও আতংক করে রাখা। মেয়র নতুন প্রজন্মকে পথভ্রস্ট হয়ে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক কেনা-বেচায় সম্পৃক্ত না হওয়ার আহ্বান জানিয়ে বলেন, কিশোর বয়সে পৃথিবীটাকে স্বপ্নীল মনে হয়। এ সময় কোন বাধা মানতে মন চায় না। ভালো-মন্দ বিচার বিবেচনা কাজ করে না। তাই এই সময়টাতে পিতা-মাতা ও অভিভাবকদের সঠিক গাইড লাইনে চলার পরামর্শ দেন মেয়র। এতে সন্তান-সন্তানাদির জীবন সন্দুর ও আলোকিত হবে। সন্ত্রাস, মাদক, জঙ্গীবাদ,দুনীতি ও ইভটিজিংকারীদের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান মেয়র। এ প্রসঙ্গে তিনি এ ধরনের ঘৃন্য কর্মকাণ্ডের সাথে জড়িত ব্যক্তি সে যে দলেরই নেতা-কর্মী হউক তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে সকল ধরনের সহযোগিতা করা হবে বলে উল্লেখ করেন। ।

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম ডায়াবেটিক সমিতির উদ্যোগে জাতীয় ডায়াবেটিস সচেতনতা দিবস ’১৯ উদযাপন
ডায়াবেটিক হাসপাতাল অচিরেই
বিশ্ব মানের হাসপাতালে পরিণত হবে-সিটি মেয়র

চট্টগ্রাম-২৮ ফেব্রুয়ারি-২০১৯ ইংরেজী।

ডায়াবেটিস সচেতনতা দিবস ২০১৯ উপলক্ষে চট্টগ্রাম ডায়াবেটিক জেনারেল হাসপাতাল প্রাঙ্গনে আজ বৃহস্পতিবার সকালে ৬ জন আদর্শ সচেতন ডায়াবেটিস রোগীকে সম্মাননা ক্রেষ্ট প্রদান করা হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ.জ.ম নাসির উদ্দিন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আদর্শ রোগীদের হাতে ক্রেস্ট তুলে দেন। আদর্শ রোগীরা হলেন রাজিয়া সুলতানা, এড. নাসিমা আকতার চৌধুরী, মোহাম্মদ শাহজাহান, মোর্শেদা বেগম, বিজয় কুমার নন্দী, মোহাম্মদ আবু সাঈদ। এ উপলক্ষ্যে আয়োজিত সমাবেশে সিটি মেয়র বলেন, চট্টগ্রাম ডায়াবেটিক জেনারেল হাসপাতাল বর্তমানে একটি পরিপূর্ণ হাসপাতাল। তিনি হাসপাতাল পরিচালনায় যোগ্য নেতৃত্বের জন্য সাধারণ

সম্পাদক এর পাশাপাশি হাসপাতালের রোগী সেবার ভূয়সী প্রশংসা করেন। জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করতে চট্টগ্রাম ডায়াবেটিক জেনারেল হাসপাতালের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। ডায়াবেটিক হাসপাতাল অচিরেই বিশ্ব মানের হাসপাতালে পরিণত হবে এই প্রত্যাশা করেন মেয়র। এই প্রসঙ্গে তিনি পূর্ণাঙ্গ হাসপাতাল প্রতিষ্ঠার ক্ষেত্রে তাঁর সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন। সমিতির সহ-সভাপতি আলহাজ্ব এস এম শওকত হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সুধী সমাবেশে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রির সভাপতি মোঃ মাহবুবুল আলম। বিশেষ অতিথি বলেন, বর্তমানে যে হারে ডায়াবেটিসের রোগী বৃদ্ধি পাচ্ছে, সেই হারে জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করতে চট্টগ্রাম ডায়াবেটিক হাসপাতাল বিভিন্ন কর্মসূচী পালন করে আসছে। অনুষ্ঠানে অন্যান্যর মধ্যে বক্তব্য রাখেন হাসপাতালের এ্যাসিষ্টেন্ট ডাইরেক্টর ও পুষ্টিবিদ হাসিনা আকতার লিপি, আদর্শ রোগী এডভোকেট নাছিমা আকতার। সমাবেশে যুগ্ম সম্পাদক মোঃ শাহনেওয়াজ, এডভোকেট চন্দন কুমার তালুকদার, নির্বাহী সদস্য আলহাজ্ব এস এম জাফর, এডভোকেট জয়শান্ত বিকাশ বড়ুয়া, মোঃ রাকিবুল ইসলাম, মোঃ হাসান মুরাদ, এডভোকেট মোঃ আকতার হোসেন সহ বিপুল সংখ্যক জীবন সদস্য ও রোগী উপস্থিত ছিলেন।
স্বাগত বক্তব্যে সমিতির সাধারন সম্পাদক অধ্যাপক জাহাঙ্গীর চৌধুরী বলেন, উন্নত ডায়াবেটিস সেবা পেতে আজই ডিজিটাল নিবন্ধন করুন। একজন ডায়াবেটিক রোগী বাংলাদেশের যে কোন প্রান্তে ডায়াবেটিক সমিতির অধিভূক্ত অথবা সাব-অধিভূক্ত ডায়াবেটিক হাসপাতালে গিয়ে ডিজিটাল নিবন্ধন করতে পারবেন এবং এই ডিজিটাল পদ্ধতিতে নিবন্ধনের মাধ্যমে যে কোন চিকিৎসা সেবা নিতে পারবেন।
অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সমিতির যুগ্ম সম্পাদক ইঞ্জিঃ জাবেদ আবছার চৌধুরী ও পুষ্টিবিদ হাসিনা আকতার লিপি।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন